ত্তেফাক

তারিখ ২৪/১০/৮০ ... ...
পৃষ্ঠা... ... ... কলাম ... ... ...

005



# নয়া বৃটিশ হাইকমিশনারের ঢাকা আগমন

বাংলাদেশে নবনিযুক্ত বৃটিশ হাই কমিশনার মিঃ ফ্রাংক মিল্‌স এবং মিসেস মিল্‌স গতকাল (শুক্রবার) ঢাকা আসিয়া পৌঁছিয়াছেন। ইতিপূর্বে মিঃ মিল্‌স পররাষ্ট্র ও কমনওয়েলথ অফিসে এ্যাসিষ্টেন্ট আণ্ডার সেক্রেটারী অব ষ্টেট (ডিরেক্টার অব কমিউনিকেশন্স) পদে নিযুক্ত ছিলেন। তিনি ১৯২৩ সালে ইংলিশ মিডল্যাণ্ডস-এর নানইটনে জন্মগ্রহণ এবং কিং এডওয়ার্ড-৬ স্কুল ও ক্যাম্ব্রিজের ইমানুয়েল কলেজে শিক্ষা গ্রহণ করেন।

১৯৪৮ সালে মিঃ মিলস কমনওয়েলথ রিলেশন্স অফিসে যোগদান করেন। ১৯৬০ সালে তিনি সেক্রেটারী অব ষ্টেটের একজন প্রাইভেট সেক্রেটারী নিযুক্ত হন। দুই বৎসর পর তিনি কুয়ালালামপুরে এবং পরে সিংগাপুরে বদলী হন। পরে তিনি দিল্লী, আক্রা ও তোগোতেও কূটনৈতিক দায়িত্ব পালন করেন। মিঃ মিলস দুই কন্যা এবং এক পুত্রের জনক। খবর বৃটিশ সংবাদ বিজ্ঞপ্তির।